**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 31.08.2026** **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Edit & Compile : DSS**
**DEO: KB** **NRT : DSS**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিল মামলায় শিক্ষক নিয়োগের সময়সীমা আগামী বছর ৩১শে মে পর্যন্ত বৃদ্ধি করেছে।

২/ সমবায় ক্ষেত্রকে গুরুত্ব না দিয়ে পূর্বতন সরকার, গত ১৫ বছরে বিকল্প অর্থীনীতির পথ ধ্বংস করেছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৩/ ভারত-বাংলাদেশের মধ্যে ৩০ বছরের গঙ্গা-পদ্মা জলবণ্টন চুক্তি পুনর্নবীকরণের আগে রাজ্যের নদীগুলির প্রবাহ, বন্দর ও শিল্পের স্বার্থ যাতে কোনওভাবেই ক্ষতিগ্রস্ত না হয়, সেই দাবি জানিয়ে রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছে।

৪/ রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি, রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরিকাঠামগত দুর্বলতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

৫/ দক্ষিণবঙ্গ বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে আগামী ৪৮ ঘন্টায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৬/ টেবিল টেনিস খেলোয়াড় অঙ্কুর ভট্টাচার্য, WTT পুরুষদের সিঙ্গেলসের খেতাব জয় করেছেন।

*********************************************************************

সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিল মামলায় শিক্ষক নিয়োগের সময়সীমা আগামী বছর ৩১শে মে পর্যন্ত বৃদ্ধি করেছে।

দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সঞ্জীব সাচদেবার বেঞ্চ, নিয়োগ প্রক্রিয়া এখনো সম্পন্ন না হ ওয়ায় রাজ্যের সময়সীমা বৃদ্ধির এই আবেদন মঞ্জুর করেন। তবে শীর্ষ আদালত স্পষ্ট জানিয়ে দিয়েছে, এরপর আর কোনো সময় দেওয়া হবে না।

এর আগে নতুন করে নিয়োগের জন্য ৩১শে অগাস্ট অর্থাৎ আজ পর্যন্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়েছিল।

উল্লেখ্য, নিয়োগে দুর্নীতির অভিযোগে স্কুল সার্ভিস কমিশনে SSC-র ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল বাতিল ক'রে সুপ্রিম কোর্ট, নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরুর নির্দেশ দেয়। শিক্ষা ক্ষেত্রে অচলাবস্থা তৈরীর আশঙ্কায় চিহ্নিত যোগ্য শিক্ষকদের, অন্তর্বর্তী সময়ের জন্য স্কুলে চাকরীর অনুমতি দেওয়া হয়।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমতি- STEA, শিক্ষক নিয়োগের জন্য সময়সীমা বৃদ্ধির সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছে। সংগঠনের সাধারণ সম্পাদক বাসুদেব দাস বলেছেন, এই মেয়াদ বৃদ্ধির রায়ে কর্মরত শিক্ষকরা সাময়িক স্বস্তি পেলেন।

( বাইট- বাসুদেব দাস )

অন্যদিকে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, সমস্ত জটিলতা দূর করে SSC-র মাধ্যমে নিয়মিত নিয়োগ প্রক্রিয়া শুরুর দাবী জানিয়েছেন।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, তাদের সরকার যোগ্য শিক্ষকদের চাকরীর মেয়াদ বৃদ্ধির পক্ষে। কিন্তু পূর্বতন সরকারের গাফিলতির কারণেই এই বিশয়টি এখনো ঘেঁটে রয়েছে।

( বাইট- সুকান্ত মজুমদার )

****************************

রাজ্যে প্রশাসনের শীর্ষ স্তরে বড়সড় রদবদল। কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর এক বিজ্ঞপ্তিতে, ২৩ জন IAS আধিকারিককে বদলির নির্দেশ দেওয়া হয়েছে। বাণিজ্যিক কর কমিশনার খালিদ আজিজ আনওয়ারকে অর্থ দফতরের সচিব এবং কৃষি দফতরের

সিনিয়র স্পেশ্যাল সেক্রেটারি সুরেন্দ্র কুমার মীনাকে, বাণিজ্যিক কর কমিশনার করা হয়েছে। অর্থ দফতরের সিনিয়র স্পেশ্যাল সেক্রেটারি উমাশঙ্কর এসকে বদলী করা হয়েছে আবাসন দফতরে।
তথ্য ও সংস্কৃতি দফতরের ডিরেক্টর অংশুল গুপ্ত, হচ্ছেন খাদ্য ও সরবরাহ দফতরের ডিরেক্টর। জয়েন্ট চিফ ইলেক্টোরাল অফিসার দিব্যা মুরুগেসন হচ্ছেন কলকাতা পুরসভার জয়েন্ট মিউনিসিপ্যাল কমিশনার। দক্ষিণ ২৪ পরগনার এডিএম অবনীত পুনিয়াকে, তথ্য ও সংস্কৃতি দফতরের স্পেশ্যাল সেক্রেটারি ও ডিরেক্টর করা হয়েছে।
 এছাড়াও পূর্ব ও পশ্চিম বর্ধমান, মালদা, জলপাইগুড়ি, নদিয়া, হাওড়া এবং পশ্চিম মেদিনীপুরের একাধিক এডিএম এবং আধিকারিকের দায়িত্ব বদল হয়েছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতর, অর্থ, পরিবহণ, বিদ্যুৎ এবং তথ্যপ্রযুক্তি দফতরেও একাধিক আইএএস আধিকারিক নতুন দায়িত্ব পেয়েছেন ।

******************************

প্রশাসনিক কাজের সুবিধার্থে বিভিন্ন দপ্তরের শূন্যপদের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে গুরুত্বপূর্ন পদে নিয়োগের জন্যে সেগুলি চিহ্নিত করে রাজ্য সরকার, পৃথকভাবে দ্রুত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। চলতি সপ্তাহের মধ্যে সেই রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। কোন দপ্তরে কত পদ ফাঁকা , তার মধ্যে গুরূত্বের বিচারে কতগুলি পদ দ্রুত পূরন করতে হবে সেই সংক্রান্ত তথ্য চাওয়া হয়েছে বলে অর্থ দপ্তর সূত্রে জানা গিয়েছে।

******************************

পুজোর আগেই নিয়োগের দাবিতে এবার পথে নামলেন পুলিশের কনস্টেবল পদে চাকরিপ্রার্থীরা। আজ তাঁরা শিয়ালদহ থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করেন । আন্দোলনকারীদের দাবি, ২০২৪ এর বিজ্ঞপ্তিতে গতবছর পরীক্ষা হয়েছিল। ইন্টারভিউ সম্পন্ন হয়েছে। তারপর কয়েক মাস কেটে গেলেও এখনো নিয়োগ প্রক্রিয়া শুরু হয়নি বলে চাকরিপ্রার্থীদের অভিযোগ। পুজোর আগেই নিয়োগের দাবি জানিয়েছেন তাঁরা। এ ব্যাপারে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপও দাবি করেছেন আন্দোলনকারীরা।

******************************

সমবায় ক্ষেত্রকে গুরুত্ব না দিয়ে পূর্বতন সরকার, গত ১৫ বছরে বিকল্প অর্থীনীতির পথ ধংস করেছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

তিনি আজ উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে মহিলা কোঅপারেটিভ ক্রেডিট সোসাইটি লিমিটেডের ৩৫-তম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সমবায়ের গুরুত্ব না বুঝে এই ক্ষেত্রকে সম্পূর্ণ অবহেলা করা হয়েছে- এই অভিযোগ করে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যে ৬'হাজারের বেশী সমবায় সমিতির মধ্যে ২'হাজার'ই অকেজো। রাজ্য সমবায় ব্যাঙ্কে ১২ বছর কোনো নির্বাচন হয়নি।

( বাইট- শুভেন্দু/ সমবায় )

এর আগে মুখ্যমন্ত্রী আজ পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের রেয়াপাড়ার এক প্রশাসনিক সভা থেকে 'আবাস যোজনা', 'আয়ুষ্মান ভারত' সহ বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা, প্রাপকদের হাতে তুলে দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নন্দীগ্রাম বিধানসভা এলাকায় একাধিক জনকল্যাণমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করে বলেন, ওই এলাকার মানুষের জন্য আজকের দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। ৩২-টি রাস্তা নির্মাণ ও সংস্কারের কাজ চলছে। সেখানকার ৬৭ হাজার মহিলার অ্যাকাউন্টে অন্নপূর্ণা যোজনার টাকা ঢুকেছে। মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য বিশেষ আর্থিক বরাদ্দের কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে নন্দীগ্রামে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের কাজ থমকে ছিল বলে'ও মুখ্যমন্ত্রী অভিযোগ করেন ।

( বাইট- শুভেন্দু/ নন্দীগ্রাম)

******************************

মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী আগামীকাল পশ্চিমবঙ্গ সাংবাদিক পেনশন যোজনা ২০২৬ এবং মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় সাংবাদিকদের অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির সূচনা করবেন । নবান্ন সভাঘরে সকাল ১১ টা নাগাদ এই অনুষ্ঠান হওয়ার কথা।

******************************

ভারত-বাংলাদেশের মধ্যে ৩০ বছরের গঙ্গা-পদ্মা জলবণ্টন চুক্তি পুনর্নবীকরণের আগে এরাজ্যের নদীগুলির প্রবাহ, বন্দর ও শিল্পের স্বার্থ যাতে কোনওভাবেই ক্ষতিগ্রস্ত না হয়, সেই দাবি জানিয়ে রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছে। ওই চুক্তির মেয়াদ আগামী ডিসেম্বরে শেষ হচ্ছে। তার আগে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অভ্যন্তরীণ কমিটির বৈঠকে রাজ্য সরকারের প্রতিনিধিরা এ বিষয়ে বিস্তারিত রিপোর্টও জমা দিয়েছেন। চূড়ান্ত সিদ্ধান্তের আগে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের প্রশাসনিক স্তরে বিস্তারিত আলোচনা প্রয়োজন বলেও মনে করছে রাজ্য সরকার।

শুষ্ক মরশুমে ফরাক্কা ব্যারাজ হয়ে ভাগীরথী-হুগলি নদীতে পর্যাপ্ত জলপ্রবাহ বজায় রাখা অত্যন্ত জরুরি। জলপ্রবাহ কমে গেলে হুগলি নদীর নাব্যতা ক্ষতিগ্রস্ত হয়, যার প্রভাব পড়ে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরের জাহাজ চলাচলে। একই সঙ্গে রাজ্যে ভূগর্ভস্থ জলস্তর হ্রাস ও আর্সেনিক সমস্যার কারণে গঙ্গার জল পরিশোধন করে পানীয় জল এবং শিল্পক্ষেত্রেও ব্যবহার করা হচ্ছে। তাই নতুন জলচুক্তিতে পরিবেশগত ঝুঁকি, নদী ভাঙন রোধ এবং ভবিষ্যতের জল চাহিদার বিষয়গুলিকে বিশেষ গুরুত্ব দেওয়ার আর্জি জানিয়েছে রাজ্য।

******************************

মালদার ইংরেজবাজার ব্লকের, মিল্কি গ্রাম পঞ্চায়েতের খাসকল গ্রামে ঢোকার একমাত্র রাস্তা গঙ্গা ভাঙনের ফলে ক্ষতিগ্রস্থ। রাস্তার বেশ কিছু অংশইতিমধ্যেই নদীতে তলিয়ে গেছে। শতাধিক মানুষ আশ্রয় নিয়েছেন খাসকল হাইস্কুলে। সেচ ও জলপথ মন্ত্রী জোয়েল মুর্মু বলেছেন, ভাঙন জনিত পরিস্থিতির ওপর নজরদার রাখা হচ্ছে। এদিকে মানিকচক ঘাটে গঙ্গার জলস্তর বিপদসীমা অতিক্রম করেছে বলে জেলা সেচ দফতর সূত্রে জানা গেছে।

অন্যদিকে, হাওড়ার উলুবেরিয়ার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বেলারি গ্রাম পঞ্চায়েতের পূর্ব বাসুদেবপুরের গঙ্গা তীরবর্তী প্রায় ৫০ মিটার অংশ আজ নদীগর্ভে তলিয়ে যায়| সংলগ্ন পার্কের বেশ কিছু অংশ তলিয়ে গেছে নদীতে। সেচ দপ্তরের পক্ষ থেকে ভাঙ্গন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেওয়া হলেও আতঙ্কে দিন কাটাচ্ছেন স্থানীয় বাসিন্দারা।

*****************************

রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি, রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরিকাঠামগত দুর্বলতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি আজ ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। ১৩ বছর আগে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলেও ৬'বছর পর তার সমাবর্তন হওয়া নিয়ে প্রশ্ন তোলেন রাজ্যপাল।

তিনি বলেন, সময়মতো ডিগ্রি পাওয়া পড়ুয়াদের ন্যায্য প্রত্যাশা। সেইজন্য নিয়মিত সমাবর্তন হওয়া জরুরী। তবে শুধু ডিগ্রি অর্জন করলেই হবে না, কর্মক্ষেত্রে পড়ুয়াদের যে কঠিন প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়, তা যাতে তারা সফলভাবে অতিক্রম করতে পারেন, সে ব্যাপারেও তাদের পরামর্শ দেন আর এন রবি।

পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে নতুন অধ্যায়ের সূচনা হয়েছে দাবি করে রাজ্যপাল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনীয় পরিকাঠামগত সহায়তার প্রতিশ্রুতি দেন।

*****************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন উত্তর ওড়িশা এবং উত্তর- পশ্চিম বঙ্গোপসাগরের উপর যে সুস্পষ্ট নিম্নচাপ অবস্থান করছে, আগামী ২৪ ঘন্টায় তা ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। অন্যদিকে, সক্রিয় মৌসুমী অক্ষরেখা উত্তরপ্রদেশ হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত বিস্তৃত । এর প্রভাবে দক্ষিণবঙ্গ বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে আগামী ৪৮ ঘন্টায় হালকা থেকে মাঝারি এবং কোথাও ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

*****************************

টেবিল টেনিস খেলোয়াড় অঙ্কুর ভট্টাচার্য, WTT পুরুষদের সিঙ্গেলসের খেতাব জয় করেছেন। এটিই তাঁর প্রথম খেতাব জয়। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ৭৮ নম্বরে থাকা অঙ্কুর, তৃতীয় বাছাই স্লোভেনিয়ার দেনই কোজুলকে ৩-১ এ পরাস্ত করেন। চেক প্রজাতন্ত্রে আয়োজিত WTT ফিডার ওলোমোক টূর্নামেন্টে পুরুষদের ডাবলসেও অঙ্কুর ও তাঁর জুটি আকাশ পাল সোনা জিতেছেন।

*******************************************************************